
দৈনিক আজকের
The Daily Ajker Deshbidesh
দেশবিদেশ
শেষ পৃষ্ঠা শনিবার ২৫ জানুয়ারি ২০২৫ ইং ◆ ১১ মাঘ ১৪৩১ বাংলা।

### মহেশখালীতে বিসিসিপি'র সচেতনতা সভায় বক্তারা

# ইএমসিআরপি প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো ব্যবহারে ও রক্ষণাবেক্ষণে স্থানীয়দের দায়িত্বশীল হতে হবে



বার্তা পরিবেশক

মহেশখালীতে ইএমসিআরপি প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো যত্নসহকারে ব্যবহারে ও রক্ষণাবেক্ষণে স্থানীয়দের দায়িত্বশীল হতে হবে এবং এ অবকাঠামো গুলো নিজেদের সম্পদ মনে করে রক্ষণাবেক্ষণ করতে হবে বলে মন্তব্য করেছেন মহেশখালী উপজেলা এলজিইডি প্রকৌশলী মো. বনি আমিন জনি। বৃহস্পতিবার (২৩ জানুয়ারি) সকালে মহেশখালী উপজেলার মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের হলরুমে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীনে জরুরি ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি-সেক্টর প্রকল্প (ইএমসিআরপি) এর উদ্যোগে স্থানীয়দের সরকারি সেবা সুবিধা ব্যবহারে যত্নশীল হওয়ার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে একটি সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা (এরপর পৃষ্ঠা ২ কলাম ৪)

## ইএমসিআরপি প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো

বলেন। তিনি বলেছেন, স্কুল-ক্যম সাইক্লোন সেন্টার যে ভবনগুলো মহেশখালীতে হয়েছে এবং এর পাশাপাশি নতুন নতুন যে রাস্তা হয়েছে এছাড়াও মহেশখালীতে আধুনিক জেটির নির্মান কাজ চলছে এই অবকাঠামো ব্যবহারে স্থানীয়দের সচেতন হতে হবে এবং এই অবকাঠামো রক্ষণাবেক্ষণ সম্পর্কে স্কুলের বাচ্চাদেরকে এবং অভিভাবকদের সচেতন করতে হবে। স্কুলের বাচ্চারা আমাদের ভবিষ্যৎ প্রজন্ম তাই এখন থেকেই তাদেরকে অবকাঠামো গুলোর যত্ন, ব্যবহার এবং রক্ষণাবেক্ষণ সম্পর্কে জানাতে হবে। এখন থেকেই যদি আমরা বাচ্চাদেরকে দায়িত্ব নেয়া শিখায় তাহলে সে ভবিষ্যতে দায়িত্ব নিতে পারবে।

উল্লেখ্য, বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস্ (বিসিসিপি) এই প্রকল্পের জন্য যোগাযোগ ও সচেতনতা পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে নিয়মিত কমিউনিটি ভিত্তিক নানান কার্যক্রম পরিচালিত করছে। বিসিসিপির ইএমসিআরপির যোগাযোগ ও সচেতনতা কার্যক্রমের বিসিসিপি'র সোস্যাল এওয়ারনেস স্পেশালিষ্ট অপরাজিতা মিছেং সভায় ইএমসিআরপির যোগাযোগ ও সচেতনতা কার্যক্রমের সার্বিক বিষয় উপস্থাপন করেন।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহেশখালী উপজেলার প্রাথমিক শিক্ষা অফিসার শামসুল আলম। তিনি বলেন, সরকারি অবকাঠামোগুলো জনগনের কল্যাণের জন্য করা হয়, অবকাঠামো গুলো করার পরে যে এলাকায় করা হয়েছে সেই এলাকার জনগনের কাছে হস্তান্তর করা হয়, কিন্তু আমরা সেটাকে নিজেদের মনে করতে পারিনা। তবে সেই অবকাঠামো নিজের মনে করতে হবে এবং রক্ষণাবেক্ষণ করতে হবে।

সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ, ইউপি সদস্য, বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ প্রমুখ।

বিশ্বব্যাংকের অর্থায়নে বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের অধীনে 'জরুরি ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি-সেক্টর প্রকল্প (ইএমসিআরপি) এর আওতায় এসব কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

CS Scanned with CamScanner